# বাংলাদেশ কৃষি ব্যাংক
## প্রধান কার্যালয়,ঢাকা

**কেন্দ্রীয় হিসাব বিভাগ (শাখা-১)**

ডিএমডি(৩) পরিপত্র নং-০১/২০২৩ তারিখঃ ০১.০২.২০২৩

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক সাধারণ হিসাবের সুদ হার পুনঃনির্ধারণ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ২৫.০৭.২০২২ তারিখের ডিএমডি (২) পরিপত্র নং-০৫/২০২২ এর মাধ্যমে ০১.০৮.২০২২ তারিখ হতে বিকেবি সাধারণ হিসাবে নিম্নবর্ণিত হারে সুদারোপ করার নির্দেশনা প্রদান করা হয়েছিল ঃ

| | | |
|---|---|---|
| ক. | প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদ হার | ৭.৫০% |
| খ. | প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে সুদ হার | ৭.০০% |

০২। চলতি অর্থবছরে ০১.০৪.২০২১ তারিখ থেকে পল্লী ঋনের সুদ হার সর্বোচ্চ ৮% এবং ০৮.১২.২০২২ তারিখ থেকে স্থায়ী আমানতের সুদ হার সর্বোচ্চ ৭% নির্ধারণের প্রেক্ষিতে ডিপোজিট মিক্স অনুযায়ী অপেক্ষাকৃত কম সুদবাহী আমানত সংগ্রহে শাখাকে অধিকতর উৎসাহিত করা, তহবিল চাহিদা পূরণে প্রধান কার্যালয়ের উপর নির্ভরশীলতা হ্রাস, উদ্বৃত্ত তহবিল প্রধান কার্যালয়ে প্রেরণসহ তহবিল ঘাটতি পূরণ ও তহবিলের প্রবাহ বৃদ্ধিতে শাখাসমূহকে উৎসাহ প্রদান, শাখাকে বিনিয়োগে উৎসাহিত করা সর্বোপরি ঋণ পোর্টফলিওতে নির্বিঘ্নে অর্থায়নের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিকেবি সাধারণ হিসাব (আন্তঃশাখা লেনদেন) এর সুদ হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণের সিদ্ধান্ত প্রদান করেন, যা ০১.০২.২০২৩ তারিখ হতে কার্যকর বলে বিবেচিত হবে ঃ

| | | |
|---|---|---|
| ক. | প্রধান কার্যালয়ে তহবিল প্রেরণের ক্ষেত্রে সুদ হার | ৭.৫০% |
| খ. | প্রধান কার্যালয় হতে তহবিল গ্রহণের ক্ষেত্রে সুদ হার | ৬.০০% |

০৩। বিকেবি, সাধারণ হিসাবের সুদ হিসাবায়ন সংক্রান্ত ২৫.০৭.২০২২ তারিখের ডিএমডি (২) পরিপত্র নং-০৫/২০২২ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৪। এমতাবস্থায়, বিকেবি সাধারণ হিসাবের পরিবর্তিত সুদ হারের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

০১.০২.২০২৩

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

---

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(৪)/২০২২-২০২৩/৬০০(১২৫০) তারিখঃ ০১.০২.২০২৩

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৭। **উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোডসহ অত্র পরিপত্রের আলোকে ০১.০২.২০২২ তারিখ হতে পুনঃনির্ধারিত সুদের হার সিবিএস'এ অর্ন্তভুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।**
০৮। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(মোঃ জাকির হোসেন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা